গাংনীর বামুন্দীতে অবৈধ হাসপাতাল সীলগালা

বামন্দীতে অবৈধভাবে পরিচালিত সেন্ট্রাল হসপিটাল নামের বেসরকারী চিকিৎসা কেন্দ্র সীলগালা করে দিয়েছে স্বাস্থ্য বিভাগ।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার দিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাসহ একটি টিম অভিযান চালায়। সেন্ট্রাল হসপিটালটির বৈধ নিবন্ধন না থাকায় তা সীলগালা করে দেয়া হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য বিভাগ। এছাড়াও যাদের বৈধ নিবন্ধন রয়েছে তাদেরকে নিয়ম মেনে প্রতিষ্ঠান চালানোর নির্দেশ প্রদান করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুভ্রত রাণী জানান, কিছুদিন আগে এ প্রতিষ্ঠানটিতে এসে নিবন্ধন করণের জন্য নোটিশ প্রদান করা হয়। কিন্তু কর্তৃপক্ষ অদ্যবাদি নিবন্ধন না করায় নিয়মানুযায়ি সীলগালা করা হয়েছে। এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান এই স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।